

এক মাস ধরে বন্ধ জাবির প্রশাসনিক ভবন

■ জাবি সংবাদদাতা

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আনোয়ার হোসেনের পদত্যাগ দাবিতে আন্দোলনরত শিক্ষকরা প্রশাসনিক ভবন অবরুদ্ধ করে রাখায় টানা এক মাস ধরে প্রশাসনিক কার্যক্রম বন্ধ রয়েছে। এদিকে আচার্যের আদেশ নিয়ে খুন্দালাল এখনও কাটেনি। গত মাসের ২০ তারিখ থেকে এখনও পর্যন্ত প্রশাসনিক ভবন অবরুদ্ধ আছে।

আন্দোলনরত ঐক্য ফোরামের সদস্য সচিব কামরুল আহসান জানান, আচার্যের নির্দেশনা অনুযায়ী উপাচার্য প্যানেল নির্বাচন বা হওদা পর্যন্ত কর্মসূচি অব্যাহত থাকবে।

উপাচার্য অধ্যাপক আনোয়ার বলেন, আন্দোলনরত শিক্ষকরা আমাকে আচার্যের আদেশ বাস্তবায়নের সময়সীমা দিয়ে ক্ষুণ্ণ আয়ার্স পদত্যাগ চাচ্ছেন। আমি তো বলেছি চলে যাব। তারা আচার্যের আদেশের তুল ব্যাখ্যা দিচ্ছেন।

শিক্ষকদের কর্মসূচির কারণে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা প্রশাসনিক ভবনে প্রবেশ করতে পারছেন না। অতিস করতে পারছেন না ভারপ্রাপ্ত উপাচার্য ও উপ-উপাচার্য।

এদিকে শিক্ষক অবরোধের কারণে আটকে পড়েছে বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স, এমফিল ও পিএইচডি'র ভর্তি কার্যক্রম। অন্যদিকে, আন্দোলনের কারণে দু'বার পিছিয়ে স্থগিত করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা।

দীর্ঘ নয় মাস ধরে চলমান শিক্ষক আন্দোলনের প্রভাবে পড়ছে বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ বিভাগের ২০১৩ সালের চূড়ান্ত বর্ষের চূড়ান্ত পরীক্ষা সময়মতো অনুষ্ঠিত হচ্ছে না।

শিক্ষকদের এ আন্দোলনে যুক্ত রয়েছেন জাতীয়তাবাদী ও আওয়ামীপন্থি পদত্যাগকারী সাবেক উপাচার্য অধ্যাপক পরীক এনামুল কবির ফ্রুপের শিক্ষকরা। উপাচার্য হুটিতে থাকায় এখন উপাচার্যের দায়িত্ব পালন করছেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক এমএ মতিন। তিনি বলেন, সংকট সমাধানের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি।